দৈনিক ই- কিলাব

৭১

তারিখ ... ... APR. 08 2000...
পৃষ্ঠা ৩ কলাম ৬......

# চট্টগ্রাম নগরের শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার ব্যয় হবে ১৮ কোটি টাকা

চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সংস্কারে চট্টগ্রাম ফ্যাসিলিটিজ বিভাগ ১৮ কোটি টাকা ব্যয় করবে। গত বৃহস্পতিবার সিটি কর্পোরেশন মিলনায়তনে 'অগ্রণী চট্টগ্রাম' প্রকল্প বাস্তবায়নে এক সভায় এ তথ্য প্রকাশ করা হয়েছে। সিটি কর্পোরেশনের শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কমিশনার শহিদুল আলমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী। উপস্থিত ছিলেন কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আবদুল ওয়াহহাব, কমিশনার এমএ নাসের, আলহাজ বদিউল আলম, জাফর আলম চৌধুরী, হাজী ফয়েজ আহমদ, আলহাজ শফিক আহমদ, মহিলা কমিশনার নিলুফার রহমান, জোবাইদা নার্গিস খান, অতিরিক্ত জেলা প্রশাসক আহমদ হোসেন, কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবদুল ওয়াজেদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবিএম সিদ্দিকুর রহমান প্রমুখ। সভায় প্রকৌশলী মোঃ শরীফুল ইসলাম ফ্যাসিলিটিজ বিভাগের বিভিন্ন কার্যক্রম বর্ণনা করেন।

### অ্যাম্বুলেন্স প্রদান

ইউএন পপুলেশন ফান্ড প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে একটি শীতাতপনিয়ন্ত্রিত অ্যাম্বুলেন্স প্রদান করা হয়েছে। গত বৃহস্পতিবার সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী এটি গ্রহণ করেন। এ সময় প্রধান নির্বাহী কর্মকর্তা আবদুল ওয়াহহাব, স্বাস্থ্য কর্মকর্তা রেজাউল করিম চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।